গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৫৩ তারিখঃ ১৪.০৮.২০২০

**অফিস আদেশ**

বিষয়ঃ **দরপত্রের বিজ্ঞাপন প্রকাশে সরকারি ক্রয় আইন, বিধি ও e-GP Guidelines অনুসরণ প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-৪৬.০৬৮.০০৯.০০.০০.০৫০.২০১৯-৫৬৪, তারিখ: ১৪ জুলাই ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্রয় সংক্রান্ত আইন ও বিধি তে অভ্যন্তরীন (National) ক্রয়ে বিজ্ঞাপন প্রকাশে নিম্নরুপ সংস্থান রয়েছেঃ

ক. **বিজ্ঞাপন নোটিশ সংবাদপত্রে প্রকাশকরণ:**

১। পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের জন্য দরপত্রের বিজ্ঞাপন প্রকাশে পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ), ২০০৬ এর ধারা ৪০(২) মোতাবেক-"ক্রয়কারী দরপত্র বিজ্ঞাপন দেশে বহুল প্রচারিত কমপক্ষে একটি বাংলা এবং একটি ইংরেজী দৈনিক সংবাদপত্রে সরাসরি প্রকাশের ব্যবস্থা করিবে"।

২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ এর বিধি ৯০(২)(গ) মোতাবেক- "জাতীয় পর্যায়ে বিজ্ঞাপন প্রদানের অতিরিক্ত হিসাবে দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার উর্দ্ধের অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে ঢাকার বাহিরে কার্যরত ক্রয়কারী, সরকারি মিডিয়া তালিকাভুক্ত বহুল প্রচারিত ১ (এক) টি আঞ্চলিক বা স্থানীয় দৈনিক সংবাদপত্রে ১ (এক) দিনের জন্য বিজ্ঞাপন প্রকাশ করিবে"।

তবে, সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-র ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ এর বিধি ৬৪(২) ও ৬৪(৩) অনুসারে- "ক্রয়কারী কর্তৃক সম্ভাব্য সরবারাহকারী অথবা ঠিকাদারদের হালনাগাদকৃত তালিকা সংরক্ষণ করা হইলে, সেই ক্ষেত্রে উক্ত তালিকাভুক্ত সরবরাহকারী ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহ্বান ছাড়াও প্রতিযোগিতা ও স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে ক্রয়কারীর ওয়েবসাইটে, যদি থাকে এবং প্রযোজ্য ক্ষেত্রে, স্থানীয় পত্রিকাতেও সংক্ষিপ্ত আকারে যুগপৎ বিজ্ঞাপন প্রদান বাঞ্ছনীয় হইবে, যদি এইরূপ বিজ্ঞাপনের কারণে এই ক্রয় পদ্ধতি প্রয়োগের উদ্দেশ্য অর্থাৎ সময় ও অর্থ সাশ্রয়ের উদ্দেশ্য ব্যাহত না হয়"।

৩। কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) এর বিজ্ঞাপন বিধি ৭১(২) এবং সরাসরি ক্রয়ের (DPM) ক্ষেত্রে বিধি ৭৫(৪) অনুসারে বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশের প্রয়োজন হবে না।

খ. **বিজ্ঞাপন নোটিশ সিপিটিইউ'র ওয়েবসাইটে প্রকাশকরণঃ**

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ এর বিধি ৯০(২)(ঝ) অনুসারে-" পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবার দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ১(এক) কোটি টাকা বা তাহার উর্ধ্বে; বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তাহার উর্ধ্বে; সেসব ক্ষেত্রে বিজ্ঞাপন যুগপৎ সিপিটিইউ এবং পত্রিকায় প্রকাশ করতে হবে"। উল্লেখ্য, ক্রয়কারীগণ নিজস্ব ই-জিপি আইডি ব্যবহার করে www.cptu.gov.bd তে সরাসরি বিজ্ঞাপন প্রকাশ করতে পারেন।

তবে, ই-জিপিতে আহ্বানকৃত দরপত্রের ক্ষেত্রে সিপিটিইউ এর ওয়েব সাইটে আলাদা করে বিজ্ঞাপন প্রকাশের প্রয়োজন নেই।

গ. **দরপত্র দলিলের পরিবর্তন বা সংশোধনকরণের (Amendment) ক্ষেত্রে:**

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ এর বিধি ৯০(২)(ছ) অনুসারে-" বিজ্ঞাপন প্রকাশের পর যদি পরবর্তীতে উক্ত বিজ্ঞাপনের পরিবর্তন বা সংশোধন করা হয়, তাহা হইলে পূর্ববর্তী বিজ্ঞাপন যে যে সংবাদপত্রে ও ওয়েবসাইটে প্রকাশ করা হইয়াছিল উক্ত পরিবর্তন বা সংশোধন সেই একই সংবাদপত্রে ও ওয়েবসাইটে পুনঃপ্রকাশের ব্যবস্থা গ্রহণ করা শ্রেয় হইবে"।

ঘ. **e-GP এর জন্য সংক্ষিপ্ত আকারে বিজ্ঞপ্তি প্রকাশকরণ:**

e-GP Guidelines, 2011 এ Appendix2 এর SN 12 মোতাবেক ই-জিপিতে আহ্বানকৃত দরপত্রের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের ক্ষেত্রে সংক্ষিপ্ত আকারে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

এমতাবস্থায়, ক্রয় প্রক্রিয়াকরণে বিজ্ঞাপন প্রকাশে সরকারি ক্রয় আইন (পিপিএ, ২০০৬) ও বিধি (পিপিআর, ২০০৮) এবং e-GP Guidelines অনুসরণের জন্য সকলকে উপরোক্ত আইন ও বিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১৪.৮.২০

(মোঃ খলিলুর রহমান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৫৩/ ১(৬) তারিখঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল। [তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) কে অফিস আদেশটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো]।
৪। প্রকল্প পরিচালক (সকল)...................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .........................................।
৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ................................ উপজেলা, জেলাঃ .............................।

24/8/2020

(মো: রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোন : ০২-৯১২৬৩৭৫
ইমেইলঃ se.procurement@lged.gov.bd